# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সারিইয়া গালিব বিন আব্দুল্লাহ লায়ছী (سرية غالب بن عبد الله الليثي) :

৭ম হিজরীর ছফর অথবা রবীউল আউয়াল মাস। কুদাইদ(قُدَيْد) অঞ্চলের বনু মুলাউওয়াহ(بَنُو الْمُلَوَّحِ) গোত্রের বিরুদ্ধে প্রতিশোধমূলক এই অভিযান প্রেরিত হয়। কেননা তারা ইতিপূর্বে বাশীর বিন সুওয়াইদ(بَشِير بن سُوَيد) এর সাথীদের হত্যা করেছিল। রাতেই হামলা করে তাদের কিছু লোককে হত্যা করা হয় ও গবাদিপশু নিয়ে সেনাদল ফিরে আসে। প্রতিপক্ষ বিরাট দল নিয়ে পশ্চাদ্ধাবন করলেও হঠাৎ মুষলধারে বৃষ্টি নামায় তারা বিক্ষিপ্ত হয়ে পড়ে ও মুসলিম বাহিনী নিরাপদে ফিরে আসে।[1]

## ফুটনোট

[1]. ইবনু সা'দ ২/৯৪; ইবনু হিশাম ২/৬০৯; আর-রাহীক্ব ৩৮২ পৃঃ; আহমাদ হা/১৫৮৮২, সনদ যঈফ - আরনাউত্ব; বায়হাক্বী, দালায়েলুন নবুঅত ৪/২৯৯ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5560

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন